দৈনিক সংবাদ

তারিখ JAN 29 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

87

মধুপুরের অরণখোলা পাহাড়ি এলাকা

# প্রাথমিক শিক্ষার দুরবস্থা সম্পর্কে তদন্ত শুরু

**টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** শিক্ষকের অভাবে মধুপুর থানার অরণখোলা পাহাড়ি এলাকার ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পড়ালেখার অচলাবস্থা সম্পর্কে তদন্ত করার জন্য গত ১৩ই জানুয়ারি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ঢাকা বিভাগীয় সহকারী পরিচালক ফারুক আহমেদ মধুপুর থানা শিক্ষা অফিস পরিদর্শন করেছেন। তিনি এ সময় স্থানীয় শিক্ষা কর্মকর্তাদের সাথে কথা বলেন এবং অরণখোলা ইউনিয়নের প্রাথমিক শিক্ষা সম্পর্কে খোঁজখবর নেন ও তথ্যাদি সংগ্রহ করেন।

এদিকে অরণখোলা এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রছাত্রীদের অভিভাবকরা শিক্ষা বিভাগীয় উর্ধ্বতন কর্মকর্তাদের এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শনের দাবি জানিয়েছেন। তারা সহকারী থানা শিক্ষা অফিসারের উপরের শিক্ষা কর্মকর্তারা আদিবাসী অধ্যুষিত পাহাড়ি এলাকার প্রাথমিক বিদ্যালয়সমূহ পরিদর্শনে যান না বলে অভিযোগ করেন।

উল্লেখ্য, গত ১০ই জানুয়ারি 'সংবাদ'-এ "মধুপুরের অরণ খোলা পাহাড়ি এলাকা" শিক্ষা অধিদপ্তরের অবহেলায় ছাত্রছাত্রীদের পড়ালেখা বন্ধ হওয়ার উপক্রম শীর্ষক প্রতিবেদন এবং ১২ই জানুয়ারি "প্রাথমিক শিক্ষা ঃ অরণখোলার প্রতি অবহেলা" শীর্ষক সম্পাদকীয় প্রকাশিত হয়।